



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.ac.bd

প্রেস রিলিজ

তারিখঃ ০১/১২/২০১৬

বরিশাল বিশ্ববিদ্যালয়ে নবনির্মিত শহীদ মিনার এবং ৩টি হলের প্রশাসনিক কার্যক্রমের উদ্বোধন

বিজয়ের মাস ডিসেম্বর। বাঙালী জাতির আত্মমর্যাদা প্রতিষ্ঠা এবং বিশ্ব মানচিত্রে নিজেদের অবস্থান প্রতিষ্ঠার মাস ডিসেম্বর। আর এই বিজয়ের মাসের প্রথম দিন বরিশাল বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে উদ্বোধন হলো নবনির্মিত কেন্দ্রীয় শহীদ মিনার। সকাল ০৯ টায় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য বিশিষ্ট মৃত্তিকা ও পরিবেশ বিজ্ঞানী প্রফেসর ড. এস.এম.ইমামুল হক নবনির্মিত শহীদ মিনার উদ্বোধন শেষে বরিশাল বিশ্ববিদ্যালয় পরিবারের পক্ষে সবাইকে সাথে নিয়ে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন। পুষ্পস্তবক অর্পণ শেষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের বহু কাজিত ও বহুল প্রত্যাশিত নবনির্মিত ৩টি হল যথাক্রমে বঙ্গবন্ধু হল, শেরে বাংলা হল ও শেখ হাসিনা হলের প্রশাসনিক কার্যক্রম উদ্বোধন করেন। এসময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, ববির সিডিকেট সদস্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের অনারারী প্রফেসর ড. শফিউর রহমান, সুপ্রিম কোর্টের সিনিয়র এ্যাডভোকেট সাবেক অতিরিক্ত এটর্নি জেনারেল এম কে রহমান, বরিশালের পুলিশ সুপার মো. আখতারুজ্জামান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. মুহসিন উদ্দীন, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. হাসিনুর রহমান, রেজিস্ট্রার মো. মনিরুল ইসলাম, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট ও শিক্ষক সমিতির নব নির্বাচিত সভাপতি মো. আব্দুল কাইউম, শেরে বাংলা হলের প্রভোস্ট আব্দুল্লাহ আল মাসুদ, শেখ হাসিনা হলের প্রভোস্ট দিলআফরোজ খানম তানিয়া, প্রক্টর মো. শফিউল আলম, ১৮টি বিভাগের বিভাগীয় প্রধান, শিক্ষকমন্ডলী, ছাত্র উপদেষ্টাবৃন্দ, হাউস টিউটর, সহকারী হাউস টিউটরবৃন্দ, শিক্ষার্থী, দপ্তর প্রধানগণ, বিএম কলেজের প্রাক্তন প্রফেসর শাহ সাজেদা, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দসহ কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। উল্লেখ্য কর্ণকাঠীস্থ বরিশাল বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে ইতোপূর্বে কোন কেন্দ্রীয় শহীদ মিনার ছিল না। এমনই বাস্তবতায় ববির মাননীয় উপাচার্য মহোদয়ের নির্দেশে বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল দপ্তর ছয় লক্ষ পয়শাট্টি হাজার টাকা ব্যয়ে এ দৃষ্টিনন্দন শহীদ মিনারটি নির্মাণ করে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
জনসংযোগ কর্মকর্তা
বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)